# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 23 June, 2025

সিরিয়ার রাজধানী দামেস্কে একটি গ্রিক অর্থডোক্স গির্জায় ভয়াবহ আত্মঘাতী হামলায় কমপক্ষে ২২ জন নিহত হয়েছেন এবং আহত হয়েছেন আরও ৬৩ জন।সিরিয়ার স্বাস্থ্য মন্ত্রণালয়কে উদ্ধৃত করে এই তথ্য জানিয়েছে ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি।

প্রতিবেদনে বলা হয়, রবিবার সকালে প্রফেট ইলিয়াস এলাকায় অবস্থিত ওই গির্জায় এক বন্দুকধারী ঢুকে এলোপাতাড়ি গুলি চালানোর পর নিজের শরীরে বাঁধা এক্সপ্লোসিভ ভেস্ট বিস্ফোরণ ঘটায়।এতে মুহূর্তেই মৃত্যু ও ধ্বংসযজ্ঞ ঘটে।

সিরীয় সরকার ধারণা করছে, হামলাকারী জঙ্গি সংগঠন আইএসের সদস্য হয়ে থাকতে পারে। তবে এখনো আইএসের পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে দায় স্বীকার করা হয়নি।

ঘটনাস্থল থেকে সিরিয়ার স্বেচ্ছাসেবী উদ্ধার সংস্থা হোয়াইট হেলমেটস একটি লাইভ ভিডিও সম্প্রচার করে।সেখানে গির্জার অভ্যন্তরে রক্তাক্ত মেঝে, ভাঙা বেঞ্চ ও ধ্বংসস্তূপের দৃশ্য উঠে আসে।

সাম্প্রতিক বছরগুলোতে সিরিয়ায় খ্রিস্টান সম্প্রদায়কে লক্ষ্য করে সহিংসতা বাড়তে দেখা যাচ্ছে, এবং এই হামলাকে সেই প্রবণতারই ভয়াবহ বহিঃপ্রকাশ হিসেবে দেখছেন বিশ্লেষকরা।

গির্জায় ভয়াবহ হামলা,সিরিয়া

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 05:25

URL: https://timestodaybd.com/public/international/8996133560